

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 13-10-2024
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) উমা বিদায়ের মধ্য দিয়ে প্রথা অনুযায়ী আজ শেষ হচ্ছে পাঁচ দিনব্যাপী শারদীয়া দুর্গোৎসব।
- (২) সাড়া রাজ্যে দুর্গা প্রতিমা নিরঞ্জন পর্ব চলছে। আগামীকাল আগরতলা ও বিশালগড়ে কার্নিভালের প্রস্তুতি চূড়ান্ত।
- (৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সকালে তিনদিনের আলজেরিয়া, মরিতানিয়া ও মালউই সফরে রওনা হয়েছেন।
- (৪) প্রধানমন্ত্রী গতিশক্তি ন্যাশনাল মাস্টার প্ল্যান-এর তিন বছর পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রকল্পটির ভূয়সী প্রশংসা করেছেন।
- (৫) আগামী দু'তিন দিনের মধ্যে রাজ্য থেকে বর্ষা বিদায় নেবে বলে আবহাওয়া দপ্তরের অভিমত।

Vijoya Dashami :

উমা বিদায়ের মধ্য দিয়ে প্রথা অনুযায়ী আজ শেষ হচ্ছে পাঁচ দিনব্যাপী শারদীয়া দুর্গোৎসব। তিথি মেনে গতকাল থেকেই শুরু হয়েছে প্রতিমা নিরঞ্জন। দশমীতে রাজ্যের বিভিন্ন নদীঘাটে নিরঞ্জন পর্ব চলছে।

পুলিশ সূত্রে শেষ খবর পাওয়া পর্যন্ত রাজ্যে ২৭০-র বেশি প্রতিমা বিসর্জন করা হয়েছে। প্রতিমা বিসর্জনের জন্য আগরতলার দশমীঘাটকে নতুনভাবে সাজিয়ে তোলা হয়েছে। সুশৃঙ্খল ও

শান্তিপূর্ণভাবে চলছে নিরঞ্জন পর্ব। আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নিজ বাড়ির দূর্গা প্রতিমারও বিসর্জন হয়। এই বিসর্জনের সময় মুখ্যমন্ত্রী নিজেও দশমীঘাটে উপস্থিত ছিলেন। মুখ্যমন্ত্রী বলেন বিজয়ার বিষাদঘন মূহুর্তে একে একে দেবী মূর্তির সুশৃঙ্খল নিরঞ্জন, শঙ্খ ধ্বনি ও ঢাকের বাদ্যে মুখরিত দশমীঘাট পরিসর।

Immersion of Devi Durga Sepahijala:

বিষাদময় আবহর মধ্যে গোটা সিপাহীজলা জেলার বিভিন্ন দশমীঘাটে চলছে প্রতিমা নিরঞ্জন পর্ব। সোনামুড়ার স্পোর্টিং এসোসিয়েশন মাঠে বসেছে দশমী মেলা। শোভাযাত্রা করে বিভিন্ন ক্লাব ও প্রতিষ্ঠানে প্রতিমাগুলি দশমী মেলার মাঠে নিয়ে আসা হয়েছে। সব মিলিয়ে শান্তিপূর্ণভাবেই চলছে সিপাহীজলা জেলার প্রতিমা নিরঞ্জন। যদিও বড় পুজো উদ্যোক্তাদের প্রতিমা আরো দু'য়েক দিন প্যান্ডপে অবস্থান করবে।

অন্যদিকে বিশালগড়ে আগামীকাল কার্নিভাল হবে।

Durga puja - South:

দক্ষিণ জেলার অধিকাংশ প্রতিমা নিরঞ্জন হচ্ছে আজ। বিলোনিয়ার ওরিয়েন্টাল ক্লাব আয়োজিত বিদ্যাপীঠ মাঠের দশেরা অনুষ্ঠানে বিলোনিয়া শহরের বেশ কয়েকটি ক্লাবের প্রতিমা একত্রিত হয়েছে। সাব্রুমের মেলার মাঠেও দশমী উপলক্ষে প্রতিমা একত্রিত করে ফেণি নদীতে নিরঞ্জন পর্ব চলছে। শান্তিরবাজার স্কুল মাঠ ও বাইখোড়া দ্বাদশ স্কুল মাঠেও হচ্ছে দশেরা অনুষ্ঠান। শান্তিরবাজার মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা জানান, মহকুমায় মোট ৮৮টি পূজা অনুষ্ঠিত হয়।

Mayer Gaman- No Entry:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা আগামীকাল তুলসীবতী বালিকা বিদ্যালয়ের সামনে মায়ের গমন ২০২৪ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। আগামীকাল বিকেল পাঁচটায় এই অনুষ্ঠান শুরু হবে বলে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে জানানো হয়েছে। অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণোজিৎ সিংহ রায়, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা সহ মন্ত্রিসভার আরও কয়েকজন সদস্যের উপস্থিতি থাকার কথা রয়েছে।

এদিকে, আগামীকাল মায়ের গমন উপলক্ষে পশ্চিম ত্রিপুরার জেলাশাসক ডাঃ বিশাল কুমার আগরতলা শহরে যানবাহন ও জনসাধারণের চলাচল স্বাভাবিক রাখতে কিছু নির্দেশিকা জারি করেছেন। নির্দেশিকা অনুযায়ী আগামীকাল দুপুর ২টা থেকে উজ্জয়ন্ত প্যালেস সংলগ্ন লায়ন্স গেট থেকে দশমীঘাট ভায়া জ্যাকসন গেইট, কামান চৌমুহনী, সূর্য চৌমুহনী, পোস্ট অফিস চৌমুহনী, প্যারাডাইস চৌমুহনী এবং বটতলা পর্যন্ত এলাকাকে দুর্গা প্রতিমা বিসর্জনের জন্য ব্যবহার করা হবে যতক্ষণ পর্যন্ত না পুরো প্রক্রিয়া সম্পূর্ণ হয়। তাই নাগেরজলা, বটতলা, দশমীঘাট, জয়পুর, আগন্তুক ক্লাব, জয়নগর অফিস লেন, ফায়ার সার্ভিস চৌমুহনী, আইজিএম চৌমুহনী, বীরেন্দ্র ক্লাব জংশন, গান্ধীঘাট, আইজিএম হাসপাতালের পিছন দিক, আর এম এস চৌমুহনী, মধ্যপাড়া রোড, ওরিয়েন্ট চৌমুহনী, জ্যাকশন গেইট, গোলবাজার, লালমাইট্যা ক্রসিং, নেতাজী চৌমুহনী, পুরনো মোটর স্ট্যান্ড, গণরাজ চৌমুহনী, মহিলা কলেজ, টাউন হল, রবীন্দ্র ভবন ক্রসিং, বি কে চৌমুহনী ইত্যাদি স্থানে 'নো-এন্ট্রি' থাকবে।

SP West press meet:

এই বছর পশ্চিম জেলায় দুর্গাপূজো শান্তিপূর্ণভাবে কেটেছে বলে জানিয়েছেন, পশ্চিম জেলার পুলিশ সুপার ডাঃ কিরন কুমার কে। আজ আমতলি থানায় সাংবাদিক সম্মেলনে তিনি জানান, পশ্চিম জেলার পূজোর দিনগুলিতে নিরাপত্তায় ছিলেন দুই হাজার নিরাপত্তাকর্মী। আগামীকাল মায়ের গমন অনুষ্ঠানের জন্যও নিরাপত্তার সব ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান।

Biplab Kumar Deb:

সাংসদ বিপ্লব কুমার দেব বলেছেন, তরুণ প্রজন্ম যাতে মাদকের নেশার কবলে না পড়ে এজন্য পরিবার পরিজন ও আশেপাশের সকলকে সহায়তা করতে হবে। আমবাসার পল্লীমঙ্গল যুবক সংঘের পূজো মন্ডপ পরিদর্শন কালে তিনি একথা বলেন। পূজোর মাধ্যমে ক্লাবের মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়ায় ক্লাব কতৃপক্ষকে তিনি ধন্যবাদ জানান। সাংসদ শ্রী দেব গতকাল সন্ধ্যায়, আমবাসায় পূজো মন্ডপ পরিদর্শন করেন। উল্লেখ্য, এবছর পল্লীমঙ্গল যুবক সংঘের পূজোর থিম ছিল মাদক বিরোধী সচেতনতা।

State Level Hojagiri:

উনকোটি জেলার পেঁচারথল ব্লকের রামগুনাপাড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে অনুষ্ঠিতব্য ৩২ তম রাজ্যভিত্তিক হজাগিরি উৎসবকে সামনে রেখে জোর প্রস্তুতি চলছে। আগামী আঠারো ও উনিশে অক্টোবর দু'দিনের রাজ্যভিত্তিক হজাগিরি উৎসবের আয়োজন করা হয়েছে।

ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশন এর সভাপতি শান্তিরায় রিয়াং আজ জানান, এই উৎসবের উদ্বোধন করবেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা।

এবারের উৎসবে মোট ৩২টি হজাগিরি নৃত্যদল অংশ নেবে। প্রতিবেশী আসাম, মেঘালয় ও অরুণাচল প্রদেশ থেকেও হজাগিরি নৃত্য দল অংশগ্রহণ করবে বলে কথা রয়েছে। উৎসব উপলক্ষ্যে থাকবে ২৫টি সরকারী দপ্তর ও প্রতিষ্ঠানের স্টল।

President:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সকালে তিনদিনের আলজেরিয়া, মরিতানিয়া ও মালউই সফরে রওনা হয়েছেন। আজ রাতে তিনি আলজেরিয়া পৌঁছবেন। এই প্রথম কোন ভারতীয় রাষ্ট্রপতি আফ্রিকান এই তিন দেশ সফর করছেন। উল্লেখ্য, জি-টুয়েন্টিতে ভারতের সভাপতিত্বের সময়ে আফ্রিকান ইউনিয়নকে স্থায়ী সদস্য পদ দেওয়া হয়েছিল। সফরকালে শ্রীমতি মুর্মু বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকে যোগ দেবেন এবং প্রবাসী ভারতীয়দের সঙ্গে কথা বলবেন। তিনি ওই দেশগুলির ঐতিহাসিক ও সাংস্কৃতিক দিক দিয়ে গুরুত্বপূর্ণ স্থানগুলি ঘুরে দেখবেন। আগামীকাল তার ইন্ডিয়া-আলজেরিয়া ইকোনমিক ফোরামে বক্তৃতা দেওয়ার কথা রয়েছে। এর আগে তিনি হাম্মা গার্ডেন ও রোমান সভ্যতার ধ্বংসাবশেষ ঘুরে দেখবেন।

PM-Gotishokti:

প্রধানমন্ত্রী গতিশক্তি ন্যাশনাল মাস্টার প্ল্যান-এর তিন বছর পূর্তি উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের পরিকাঠামো উন্নয়নে, এই প্রকল্পের ভূয়সী প্রশংসা করেছেন। এক সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, এর ফলে বহুমাধ্যম সংযোগ, দ্রুতগতি এবং বিভিন্ন ক্ষেত্রে আরো কার্যকরী উন্নতি সম্ভব হয়েছে। এই প্রকল্পের মধ্য দিয়ে বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গি ও বাস্তবায়ন সম্ভব হয়েছে বলে তিনি জানান।

Inter Parliamentary Union:

জেনেভাতে আজ থেকে ১৪৯ তম ইন্টার পার্লামেন্টারি ইউনিয়ন বা আইপিইউ র সম্মেলন শুরু হচ্ছে। লোকসভার স্পিকার ওম বিড়লা ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিচ্ছেন। শ্রী বিড়লা সামাজিক মাধ্যমে জানিয়েছেন, এই সম্মেলনে তিনি আরো শান্ত ও উজ্জ্বল ভবিষ্যৎ গঠনে বিজ্ঞান, প্রযুক্তি ও আবিষ্কারের গুরুত্ব নিয়ে ভাষণ রাখবেন। আগামী ১৭ অক্টোবর পর্যন্ত এই সম্মেলন চলবে।

Disaster Risk Reduction Day:

সারা বিশ্বে আজ আন্তর্জাতিক দুর্যোগের ঝুঁকি হ্রাস দিবস পালিত হচ্ছে। দুর্যোগ হ্রাস ও ঝুঁকি সম্পর্কে সবাইকে সচেতন করতেই এই দিবসটি পালন করা হয়। এ বছরের থিম হচ্ছে একটি স্থিতিস্থাপক ভবিষ্যতের জন্য পরবর্তী প্রজন্মকে ক্ষমতা প্রদান করা। দুর্যোগ মুক্ত ভবিষ্যতের লক্ষ্যে যুবকদের ক্ষমতা প্রদানে শিক্ষার ভূমিকাকে গুরুত্ব দেওয়া হচ্ছে এই থিমের উদ্দেশ্য।

Accident:

ভাংমুনে গতকাল রাতে যান দুর্ঘটনায় মৃত্যু হয় ভাংমুন থানার সাব ইনস্পেক্টর ডেভিড ডারলং-এর। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা তাঁর মৃত্যু অত্যন্ত দুর্ভাগ্যজনক বলে জানিয়েছেন। পুলিশ সদর দপ্তর জানিয়েছে, সাব ইনস্পেক্টর ডেভিড ডারলং গতকাল রাতে নিজস্ব গাড়ি নিয়ে দামছড়া থেকে ভাঙমুন যাওয়ার পথে নিয়ন্ত্রণ হারিয়ে প্রায় দেরশো ফুট নিচে খাদে পড়ে যান। পরে তাকে উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন।

Adhar update:

সরকারি অফিসগুলিতে পূজোর ছুটি থাকলেও সাধারণ মানুষের কাছে আধার পরিষেবা পৌঁছে দিতে পূজোর ষষ্ঠী ও সপ্তমীতে দক্ষিণ জোলাইবাড়ির বিবেকানন্দ ক্লাবের পূজা মন্ডপের সামনে এবং অষ্টমী ও নবমীতে বাইখোড়ার জগন্নাথ বাড়িতে খোলা হয়েছিল আধার পরিষেবা কেন্দ্র। জোলাইবাড়ি ব্লকের আধার কেন্দ্রের পরিদর্শক তনয় দেবনাথ জানান, ৪ দিনে মোট ৮৬ জনকে আধার পরিষেবা প্রদান করা হয়েছে।

Update Akashvani :

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Weather :

আগামী দু'তিন দিনের মধ্যে রাজ্য থেকে বর্ষা বিদায় নেবে বলে আবহাওয়া দপ্তরের অভিমত। আগামী ২৪ ঘন্টায় আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে রাজ্যের সব জেলার কিছু কিছু এলাকায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক আট এবং সর্বনিম্ন ২৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায়

আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ১৬ দশমিক তিন মিলিমিটার।

Naidu Trophy:

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে মহারাষ্ট্রের বিরুদ্ধে ত্রিপুরার গ্রুপের খেলা আজ থেকে শুরু হয়েছে। ঔরঙ্গাবাদে আয়োজিত চারদিনের ম্যাচে টসে হেরে ব্যাট করতে নেমে স্বাগতিক মহারাষ্ট্র প্রথম ইনিংসে সবকাটি উইকেট হারিয়ে মাত্র ১০৭ রানে গুটিয়ে যায়। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে লিড নিয়ে দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ১৪৬ রান করে।

Ranji Trophy:

ত্রিপুরা ও উড়িশার মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের ম্যাচের তৃতীয় দিনের খেলাও আজ বাতিল করা হয়েছে। এম বি বি স্টেডিয়ামের মাঠ খেলার উপযুক্ত না থাকায় রঞ্জি ট্রফির এম্যাচের প্রথম তিন দিনের খেলাই হয় নি। আম্পায়াররা দুপুর পর্যন্ত অপেক্ষা করে দিনের খেলা বাতিলের ঘোষণা করেন। ফলে এই ম্যাচটি ড্র-র দিকে এগিয়ে চলছে। আগামীকাল খেলার শেষ দিন।
